

স্মারক নং: বিজিসিটিইউবি/রেজিঃ/একা/জি-১৪৬/জি-০৩/২১/৪২৬


তারিখঃ অক্টোবর ১১, ২০২১ খ্রি:

নোটিশ

এতদ্বারা বিজিসি ট্রাস্ট ইউনিভার্সিটি বাংলাদেশ এর সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের নির্দেশনা মোতাবেক বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রতিটি বিভাগের শিক্ষার্থীদের সশরীরে ক্লাশ চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে। আগামী ১৭ অক্টোবর ২০২১ তারিখ হতে শিক্ষার্থীরা শিডিউল মোতাবেক সশরীরে ক্লাশে যোগদান করতে পারবে। ক্লাসের শিডিউলসহ অন্যান্য তথ্যাদি শিক্ষার্থীরা সংশ্লিষ্ট বিভাগের মাধ্যমে জানতে পারবে।

এমতাবস্থায়, শিক্ষার্থীদেরকে নিম্নোক্ত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক নির্ধারিত তারিখে ক্যাম্পাসে আসার জন্য অনুরোধ করা হলো :

০১. সবাইকে অবশ্যই মাস্ক পরিধান করতে হবে।
০২. ভালভাবে কমপক্ষে ২০ সেকেন্ড সাবান এবং পানি দিয়ে, অথবা অ্যালকোহল-ভেজড হ্যান্ড স্যানিটাইজার দিয়ে হাত পরিষ্কার করতে হবে।
০৩. কাশি এবং হাঁচি দেওয়ার সময় নাক এবং মুখ ঢেকে কনুই বা টিসু পেপার ঢেকে রাখতে হবে। তারপর টিসুটি বিনে ফেলে দিয়ে হাত ধুয়ে ফেলতে হবে।
০৪. সঙ্গে স্যানিটাইজার রাখতে হবে এবং কিছুক্ষণ পর পর হাত পরিষ্কার করে জীবাণু মুক্ত করতে হবে।
০৫. অন্যদের সাথে হাত মেলানো, কোলাকুলি করা থেকে বিরত থাকতে হবে।
০৬. অসুস্থ হলে বাড়িতে অবস্থান করতে হবে। যদি করোনা উপসর্গ থাকে দ্রুত পরীক্ষা করাতে হবে এবং সুস্থ না হওয়া পর্যন্ত অন্যদের সাথে সশরীরে যোগাযোগ করা থেকে বিরত থাকতে হবে।



এ.এফ.এম আখতারুজ্জামান কায়সার

রেজিস্ট্রার

অনুলিপি :

১. উপাচার্য
২. সদস্য, বোর্ড অব ট্রাস্টিজ
৩. ড্রেজারার
৪. পরীক্ষা নিয়ন্ত্রক
৫. উপদেষ্টা, আইন বিভাগ
৬. কো-অর্ডিনেটর, এমবিএ/এম এ ইন ইংলিশ
৭. চেয়ারম্যান, ব্যবসায় প্রশাসন/ইংরেজী/ফার্মেসী/আইন/সিএসই/জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগ
৮. ডেপুটি রেজিস্ট্রার
৯. সিনিয়র লাইব্রেরিয়ান
১০. অফিসার (আইটি)
১১. অফিস কপি